

উচ্চশিক্ষা

অধ্যাপক পদে পদোন্নতির জন্য ১২৬৭ শিক্ষকের খসড়া তালিকা প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৮ মে ২০২৬, ২০: ০২



বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের অধ্যাপক পদে পদোন্নতির জন্য বিষয়ভিত্তিক খসড়া তালিকা প্রকাশিত হয়েছে। খসড়া এ তালিকায় ১ হাজার ২৬৭ শিক্ষা ক্যাডার কর্মকর্তা স্থান পেয়েছেন। প্রকাশিত তালিকায় অন্তর্ভুক্ত কোনো কর্মকর্তার মৃত্যুবরণ এবং চাকরি থেকে অব্যাহতি-সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানদের জানানোর জন্য বলা হয়েছে। সোমবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে (মাউশি) এ তালিকা প্রকাশ করা হয়। প্রকাশিত খসড়া তালিকায় বিভিন্ন বিষয়ের সহযোগী অধ্যাপকদের নাম রয়েছে।

তালিকা প্রকাশ-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অধিদপ্তরের তালিকায় যেসব সহযোগী অধ্যাপকের নামের পাশে এসিআর নেই বলে মন্তব্য রয়েছে, তাঁদের ৩ জুন ২০২৬-এর মধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে এসিআর জমা দিতে বলা হয়েছে। এ ছাড়া কোনো কর্মকর্তার নাম না থাকলে বা বর্তমান কর্মস্থল, পদোন্নতি ও পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ ভুল থাকলে প্রমাণের কাগজপত্রসহ আগামী ৩ জুনের মধ্যে সরাসরি অধিদপ্তরের উপপরিচালকের (কলেজ-১) দপ্তরে জমা দিতে হবে।

*অধ্যাপক পদে পদোন্নতির তালিকা দেখতে [ক্লিক করুন এখানে...](#)

